১৪ মাসে বিচারবহির্ভূত হত্যায় প্রাণ হারাল ৪০ জন: অধিকারের প্রতিবেদন



সংগৃহীত ছবি

গত ১৪ মাসে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হাতে বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের শিকার হয়েছেন অন্তত ৪০ জন—এ তথ্য জানিয়েছে মানবাধিকার সংগঠন অধিকার। সংস্থাটি বলছে, দেশে মানবাধিকার লঙ্ঘনের ঘটনা উদ্বেগজনকভাবে বেড়েছে, যা নাগরিক স্বাধীনতা ও আইনের শাসনের জন্য হুমকি।

অধিকারের সর্বশেষ প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে, গত বছরের ৯ আগস্ট থেকে চলতি বছরের সেপ্টেম্বর পর্যন্ত এসব ঘটনা ঘটেছে। নিহতদের মধ্যে ১৪ জন নির্যাতনের কারণে, ১৯ জন গুলিতে এবং ৭ জন পিটিয়ে নিহত হয়েছেন।

প্রতিবেদনে আরও বলা হয়, একই সময়ে দেশে সাংবাদিকদের ওপর হামলার ঘটনাও উদ্বেগজনকভাবে বেড়েছে। গত ১৪ মাসে মোট ২৪২টি হামলার ঘটনা নথিভুক্ত করেছে অধিকার। সংগঠনটির মতে, এসব আক্রমণ গণমাধ্যমের স্বাধীনতা ও মতপ্রকাশের অধিকারে বড় ধরনের বাধা তৈরি করছে।

অন্যদিকে, মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (এইচসিএফ)-এর সাম্প্রতিক মাসিক প্রতিবেদনে দেখা গেছে, চলতি অক্টোবর মাসে অজ্ঞাতপরিচয় লাশ উদ্ধারের ঘটনা এবং কারা হেফাজতে মৃত্যুর সংখ্যা বেড়েছে। সংস্থাটির তথ্য অনুযায়ী, শুধু অক্টোবরেই দেশে ৬৬টি অজ্ঞাতনামা লাশ উদ্ধার করা হয়েছে।

মানবাধিকার সংগঠনগুলো বলছে, এসব ঘটনা বিচারহীনতার সংস্কৃতিকে আরও গভীর করছে এবং নাগরিকদের নিরাপত্তাবোধ ক্ষুণ্ন করছে। তারা দ্রুত স্বাধীন তদন্ত ও দায়ীদের বিচারের আওতায় আনার আহ্বান জানিয়েছে।